

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জেলা প্রশাসকের কার্যালয়, হবিগঞ্জ  
স্থানীয় সরকার শাখা  
www.habiganj.gov.bd

স্মারক নম্বর: ০৫.৪৬.৩৬০০.০০০.০৯.০০১.১৬.৩৫৩

তারিখ: ৩ কার্তিক ১৪২৫

১৮ অক্টোবর ২০১৮

বিষয়: **জন্ম ও মৃত্যু নিবন্ধন তারিখ সংশোধনের নিমিত্ত আবেদন অগ্রায়ণের ক্ষেত্রে সতর্কতা অবলম্বন ও অনুসরণী নির্দেশনা।**

সূত্র: ০১. রেজিস্ট্রার জেনারেল-এর কার্যালয়ের ০৯.০৪.১৮ খ্রিঃ তারিখের

৪৬.০৪.০০০০.১০১.১৮.০০১(অংশ-১).১৮-২৭০নং স্মারকপত্র।

০২. এ কার্যালয় হতে জারিকৃত ১৭.০৪.১৮ খ্রিঃ তারিখের

০৫.৪৬.৩৬০০.০০৪.০৯.০১৩.১৮-২৭১(৮)নং স্মারকপত্র।

০৩. এ কার্যালয় হতে জারিকৃত ১৭.০৪.১৮ খ্রিঃ তারিখের

০৫.৪৬.৩৬০০.০০৪.০৯.০১৩.১৮-২৭২(১০)নং স্মারকপত্র।

০৪. এ কার্যালয় হতে জারিকৃত ০৪.০৭.১৮ খ্রিঃ তারিখের ০৫.৪৬.৩৬০০.০০০.০৯.০১২.১৮.১৪০নং স্মারকপত্র।

০৫. রেজিস্ট্রার জেনারেল-এর কার্যালয়ের ৩০.০৭.১৮ খ্রিঃ তারিখের ৪৬.০৪.০০০০.১০১.১৮.০০১.১৮-৩৪০নং

স্মারক

০৬. এ কার্যালয় হতে জারিকৃত ০৫.০৮.১৮ খ্রিঃ তারিখের ০৫.৪৬.৩৬০০.০০০.০৯.০০৪.১৮.২১২নং স্মারকপত্র।

০৭. এ কার্যালয় হতে জারিকৃত ০৫.০৮.১৮ খ্রিঃ তারিখের ০৫.৪৬.৩৬০০.০০০.০৯.০০৪.১৮.২১২নং স্মারকপত্র।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকসমূহের আলোকে জানানো যাচ্ছে যে, জন্ম ও মৃত্যু নিবন্ধন তারিখ সংশোধনের নিমিত্ত আবেদন অগ্রায়ণের ক্ষেত্রে রেজিস্ট্রার জেনারেল-এর কার্যালয়ের ০৯.০৪.১৮ খ্রিঃ তারিখের ৪৬.০৪.০০০০.১০১.১৮.০০১(অংশ-১).১৮-২৭০ নং স্মারকপত্রের আলোকে এ কার্যালয় হতে ১৭.০৪.১৮ খ্রিঃ তারিখের ০৫.৪৬.৩৬০০.০০৪.০৯.০১৩.১৮-২৭১(৮) (পৌরসভার ক্ষেত্রে) ও ০৫.৪৬.৩৬০০.০০৪.০৯.০১৩.১৮-২৭২(১০) (উপজেলার ক্ষেত্রে) নং স্মারকপত্র প্রেরণ করা হয়। পরবর্তীতে এ কার্যালয় হতে ০৪.০৭.১৮ খ্রিঃ তারিখের ০৫.৪৬.৩৬০০.০০০.০৯.০১২.১৮.১৪০ নং স্মারকপত্রও প্রেরণ করা হয়। কিন্তু ইদানিং লক্ষ্য করা যাচ্ছে যে, আবেদন অগ্রায়ণকারী কর্তৃপক্ষ প্রদত্ত নির্দেশনাসমূহ অনুসরণ না করেই আবেদন অগ্রায়ণ করেছেন। ফলে অগ্রায়িত এ ধরনের আবেদন/আবেদনসমূহের উপর কোনো কার্যক্রম গ্রহণ করা সম্ভব হয় না, বরং অহেতুক বিলম্ব হয়ে থাকে। বর্ণিত প্রেক্ষাপটে সংশ্লিষ্ট বিধি বিধান ও নিম্নবর্ণিত পদক্ষেপ গ্রহণ করার জন্য অনুরোধ করা হলো।

০১. কোনো ব্যক্তির জন্ম নিবন্ধনের জন্ম তারিখ সংশোধনের ক্ষেত্রে আবেদনকারীর ব্যক্তিগত উপস্থিতি ও শুনানি গ্রহণ করা।

০২. নিবন্ধক এবং সুপারিশকারী কর্তৃপক্ষ প্রতিটি আবেদনের ক্ষেত্রে নিবন্ধিত ব্যক্তির ব্যক্তিগত শুনানি গ্রহণান্তে জন্ম তারিখ সংশোধনের জন্য প্রদত্ত কাগজপত্র ও সনদপত্র অথবা অন্যকোনো প্রমাণপত্র যুক্তিসঙ্গত বিবেচিত হলেই অগ্রায়ণপত্রে সংশোধনের যৌক্তিকতা উল্লেখপূর্বক জন্ম/মৃত্যু নিবন্ধনের জন্ম/মৃত্যুর তারিখ সংশোধনের আবেদন অগ্রায়ণ করতে হবে।

০৩. পূর্ণবয়স্ক ব্যক্তির ক্ষেত্রে এক জনের পক্ষে অন্য কেউ আবেদন করতে পারবেন না। এ ছাড়া নাবালকের ক্ষেত্রে আবেদনকারীর সাথে নিবন্ধিত ব্যক্তির সম্পর্ক, আবেদনকারী ও নিবন্ধিত ব্যক্তির মোবাইল নম্বর উল্লেখ করতে হবে।

০৪. যাচাই করা সম্ভব নয় অথবা সঠিকতা সম্পর্কে সন্দেহের উদ্ভেদক হয় এমন সনদ সংশোধনের ভিত্তি হিসাবে গ্রহণ করা যাবে না।

০৫. একাধিক নিবন্ধন আছে কি-না বা নিবন্ধনটি অনলাইন রেজিস্ট্রারভুক্ত কিনা তা-ও অগ্রায়ণপত্রে উল্লেখ করতে হবে।

এমতাবস্থায়, বর্ণিত বিষয়সমূহ গুরুত্বসহকারে বিবেচনা করে সুপারিশসহ আবেদনপত্র অগ্রায়ণ করার জন্য অনুরোধ করা হলো। এর ব্যত্যয়ে কোনো ধরনের জটিলতা সৃষ্টি হলে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের উপর দায়-দায়িত্ব বর্তাবে।

১৮-১০-২০১৮

মাহমুদুল কবীর মুরাদ

বিতরণ :

- ১) মেয়র, হবিগঞ্জ পৌরসভা।
- ২) উপজেলা নির্বাহী অফিসার,  
আজমিরীগঞ্জ/চুনাবুঘাট/নবীগঞ্জ/বানিয়াচং/বাহুবল/মাধবপুর/লাখাই/হবিগঞ্জ  
সদর, হবিগঞ্জ। জন্ম ও মৃত্যু নিবন্ধনের তথ্য সংক্রান্ত সকল  
নির্দেশনা নিজ কার্যালয়সহ অধিক্ষেত্রের ইউনিয়ন  
পরিষদসমূহে অনুসরণ নিশ্চিতকরণের জন্যও অনুরোধ করা  
হলো।
- ৩) মেয়র, মাধবপুর পৌরসভা।
- ৪) মেয়র, চুনাবুঘাট পৌরসভা, চুনাবুঘাট, হবিগঞ্জ।
- ৫) মেয়র, শায়েস্তাগঞ্জ পৌরসভা।
- ৬) মেয়র, নবীগঞ্জ পৌরসভা।
- ৭) প্রশাসক, আজমিরীগঞ্জ পৌরসভা, হবিগঞ্জ।

স্মারক নম্বর: ০৫.৪৬.৩৬০০.০০০.০৯.০০১.১৬.৩৫৩/১

তারিখ: ৩ কার্তিক ১৪২৫  
১৮ অক্টোবর ২০১৮

অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলঃ

- ১) রেজিস্ট্রার জেনারেল, রেজিস্ট্রার জেনারেলের কার্যালয়, জন্ম ও মৃত্যু নিবন্ধন।



১৮-১০-২০১৮

মাহমুদুল কবীর মুরাদ  
জেলা প্রশাসক